

C. U. BENGALI (HONS.) QUESTION PAPERS — 2010

Part-III

(Under 1+1+1 New System)

পঞ্চম পত্র — ২০১০

পূর্ণমান—১০০

[ নতুন (১+১+১) পাঠক্রম অনুসারে ]

২০ নম্বরের প্রশ্নে ৩৫০ শব্দ, ১৬ নম্বরের প্রশ্নে ৩০০ শব্দ, ১০ নম্বরের প্রশ্নে ২০০ শব্দের মধ্যে উত্তর লেখা বাঞ্ছনীয়

১। (ক) মহাকাব্য কাকে বলে? মহাকাব্যের লক্ষণগুলি নির্দেশ করো। বাংলা ভাষায় লিখিত একটি সাহিত্যিক মহাকাব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৪+৬+১০  
[অথবা], (খ) উদাহরণসহ যে-কোন দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো : ১০+১০

(অ) গীতি কবিতা (আ) গাথাকাব্য (ই) পত্রাকীর্ণ সনেট।

২। (ক) 'বীরঙ্গনা কাব্য'—এর 'দুগ্ধস্তের প্রতি শকুন্তলা' পত্রে 'শকুন্তলা' চরিত্রটি কীভাবে নবনির্মিত হয়ে উঠেছে তা আলোচনা করে দেখাও। ১৬  
[অথবা], 'ক্ষত্র-কুলবালা আমি; ক্ষত্র-কুল-বধু; —

কেমনে এ অপমান সব ধৈর্য ধরি!' —

'বীরঙ্গনা কাব্য'-এর 'নীলধ্বজের প্রতি জনা' পত্রে 'জনা' চরিত্রের মুখে উচ্চারিত এই উক্তি থেকে 'জনা' চরিত্রে ক্ষত্রিয় নারীর তেজস্বিতা, সাহসিকতা ও প্রখর ব্যক্তিত্বের যে পরিচয় পাও তা বিশ্লেষণ করো। ১৬

৩। (ক) সোনার তরী' কাব্যের নামকবিতা 'সোনার তরী'তে যে রূপকের ব্যবহার কবি করেছেন তা পরিস্ফুট করো। ১৬

[অথবা], 'যেতে নাহি দিব' কবিতায় একটি তুচ্ছ প্রাত্যাহিক ঘটনা কীভাবে মহত্তম জগৎসত্যে উত্তীর্ণ হয়েছে, বিশ্লেষণ করে দেখাও। ১৬

৪। (ক) 'বিদ্রোহী' কবিতা অবলম্বনে কবি কাজী নজরুল ইসলামের কবিমানসের পরিচয় দাও। ১৬

[অথবা], (খ) 'দারিদ্র্য' কবিতার সূচনায় কবি নজরুল বলেছেন,

'হে দারিদ্র্য তুমি মোরে করেছো মহান' আবার পরে বলেছেন 'অকালে শুকালে মোর রূপ রস প্রাণ'—এই আপাত স্ব-বিরোধিতার অন্তরালে যে গভীর ব্যঞ্জনা নিহিত, তা বুঝিয়ে বলো। ১৬

৫। (ক) বুদ্ধদেব বসুর 'রবীন্দ্রনাথের প্রতি' কবিতায় কবি যে বিশ্বাসের জয় প্রত্যক্ষ করেছেন, তার স্বরূপ ব্যাখ্যা করো। ১৬

[অথবা], (খ) অমিতাভ দাশগুপ্তের 'আমার নাম ভারতবর্ষ' কবিতায় যেভাবে কবির চেতনা ও দেশপ্রেমের রসায়ন ঘটেছে, তা ব্যক্ত করো। ১৬

৬। নিম্নলিখিত অংশটির কাব্যশৈলী বিচার করো : ১৬

(ক) আঁধার রজনী আসিবে এখনি

মেলিয়া পাখা,

সন্ধ্যা-আকাশে স্বর্ণ-আলোক  
পড়িবে ঢাকা।

শুধু ভাসে তব দেহসৌরভ,  
শুধু কানে আসে জলকলরব,  
গায়ে উড়ে পড়ে বায়ুভরে তব  
কেশের রাশি।

বিকল হৃদয় বিবশ শরীর  
ডাকিয়া তোমারে কহিব অধীর,  
'কোথা আছ, ওগো, করহ পরশ,  
নিকটে আসি।'

কহিব না কথা, দেখিতে পাব না  
নীরব হাসি।

[অথবা], (খ) পাষণ-কায়া, হায়রে, রাজধানী  
মাণ্ডল বিনা স্বদেশে দাও ছেড়ে;  
তেজারতির মতন কিছু পুঁজি  
সঙ্গে দাও, পাবে দ্বিগুণ ফিরে।

ছাদের পরে হেথাও চাঁদ ওঠে—  
দ্বারের ফাঁকে দেখতে পাই যেন  
আসছে লাঠি উঁচিয়ে পেশোয়ারী  
ব্যাকুল খিল সজোরে দিই তুলে।

ইহার মাঝে কখন প্রিয়তম  
উধাও; লোকলোচন উঁকি মারে—  
সবার মাঝে একলা ফিরি আমি  
লেকের কোলে মরণ যেমন ভালো।

ষষ্ঠ পত্র — ২০১০

পূর্ণমান—১০০

[ নতুন (১+১+১) পাঠক্রম অনুসারে ]

১৫ নম্বরের প্রশ্নে ৩০০ শব্দ ও ৫ নম্বরের প্রশ্নে ১০০ শব্দের মধ্যে উত্তর  
দেওয়া বাঞ্ছনীয়

১। (ক) একদিকে গ্রাম-শহরের দ্বন্দ্ব, অন্যদিকে মানবমনের বিচিত্র গতি-প্রকৃতি  
— এই দুয়ের অসামান্য চিত্রণ-ই 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসকে সার্থক করে  
তুলেছে। আলোচনা করো। ১৫

[অথবা], (খ) 'পরিচিত ও চিরাচরিত প্রণয়-সম্পর্কের বাইরে অবস্থান করে শশী-  
কুসুমের সম্পর্ক'। —এই মন্তব্যের আলোকে শশী-কুসুমের সম্পর্কের প্রকৃতি বিশ্লেষণ  
করো। ১৫